

কৃষি স্মারিকা

২-৪ ঠা জম্মুৱী ২০২৩ (১৭-১৯ লে পৌষ, ১৪২৯)

গম চাপান সার হিসাবে বীজ বোনার ২১ ও ৪৫ দিন পর একরে ২৬ কেজি করে ইউরিয়া প্রয়োগ করতে হবে। সেচ সেবিত পার্বত্য ও তরাই অঞ্চলে একর পুষ্টি চাপান সার হিসাবে বীজ বোনার ২১ ও ৪৫ দিন পর ৩১ কেজি করে ইউরিয়া প্রয়োগ করতে হবে। ঘাটতিবুদ্ধ এলাকার একরে ২০কেজি জৈবসারের সঙ্গে ৮কেজি সালফার, ১০ কেজি জিঙ্ক সালফেট ও ৪ কেজি বোরাক্স প্রয়োগ করা হয়।

গম চাষে সেচ একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে কিন্তু গমের জমিতে জল দাড়িয়ে গেলে গম হলুদ হয়ে মারা যায়। গম চাষে ভালো ফলন পেতে ৪টি সেচ প্রয়োজন হয়। ১) মুকুট শিকড় দশা (বোনার ২১ দিন পর) ২) পাশকাঠি ছাড়া শেষ (বোনার ৪০-৪৫ দিন পর) ৩) ফুল আসা অবস্থা (বোনার ৯০-৯৫ দিন পর) এবং দুই আসা অবস্থা (বোনার ১১০-১১৫ দিন পর)। গম চাষের সঙ্গে ফালা ঘাস করাও ঘাস বুনো জৈ অগাছা তিনটি জড়িত। বীজ বোনার ৪০-৪৫ দিন পর পর্যন্ত জমি অগাছা মুক্ত রাখতে হয়।

আলু আলু লাগার ৩-৪ সপ্তাহের মাঝায় (কানিমাটি দেওয়ার সময়) চাপান সার হিসেবে ৫০ কেজি নাইট্রোজেন এবং ৩৭.৫ কেজি পটাশ প্রয়োগ করে হালকা সেচ দিতে হবে।

দ্বিতীয় চাপান সার হিসেবে ৫০ কেজি নাইট্রোজেন এবং ৩৭.৫ কেজি পটাশ প্রথম চাপান দেবার ১০ দিন পরে (সারমাটি দেওয়ার সময়) ডেলির দু-পাশে প্রয়োগ করে হালকা সেচ দিতে হবে। দ্বিতীয় ডেলি তোলার পরবর্তী সময়ে একিভাবে ৭-১০ দিন অন্তর সেচ দিতে হবে। তবে একটা বিষয়ে খুব সতর্ক থাকতে হবে যে সেচের জলে কোনো সময়ই বেন ডেলির ৩/৪ ভাগের বেশি না ডেবে। ফসল তোলার ১০-১৫ দিন আগে অবশ্যই জলসেচ বন্ধ করে দিতে হবে।

আলু বেহেতু মাটির নিচের ফসল, তাই মাটিকে বতটা সম্বল হালকা খুবখুরে রাখা যায় সেদিকে লক্ষ্য রাখা দরকার। এজন্য দু-তিন বার হাত নিড়ানি দিলে আগাছা নির্মূল হওয়ার সাথে সাথে মাটি আলগা ও খুবখুরে হবে এবং আলুর বৃদ্ধি ভাল হবে।

আলুতে জলদি ধুসা রোগ লাগতে পারে, সতর্কতা মূলক ব্যবস্থা হিসেবে ম্যানকোজেব ২.৫ গ্রাম বা কপার অক্সিক্লোরাইড ৪ গ্রাম বা মেটালক্সিল + ম্যানকোজেব ২.৫ গ্রাম পুষ্টি লিটার জলে গুলে স্প্রে করা যেতে পারে।

তিপ্পি - বোনার ১০-১৫ দিন পর আগাছা দমন করার প্রয়োজন হয়। সাধারণত বিনা সেচে চাষ হয় তবে বোনার ৪০-৪৫ দিন পরে একটি সেচ ও সম্ভব হলে এর ৩০ দিন পরে আরো একটি সেচ দিতে পারলে ভাল হয়।

শেত সরিষা - সরিতে বুনলে চরা বের হবার ১৫-১৬ দিন পরে পুষ্টি সরিতে অন্তত ১০ সেমি অন্তর চরা রেখে বাকি চরা তুলে ফেলতে হবে ও আগাছা দমন করতে হবে। শেত সরিষা চাষে অন্তত দু বার সেচ দিতে পারলে ভাল হয়, পুষ্টিমাটি বোনার ৩০ দিন পরে ও দ্বিতীয়টি আরো ২৫-৩০ দিন পরে। তৈলবীজে অধুখাদ্য হিসেবে বোরোন গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। বীজ বোনার ৩ সপ্তাহ ও ৬ সপ্তাহের মাঝায় বোরোন ২০% ১ গ্রাম পুষ্টি লিটার জলে গুলে স্প্রে করতে হবে।

মসুর :- বীজ বোনার ৩০-৪০ দিন পরে ২ শতাংশ ইউরিয়া দ্রবণ বা ডিএপি জলীয় দ্রবণ স্প্রে করলে ফলন বৃদ্ধি হয়। পুষ্টি লিটার জলে ১.৫ গ্রাম ডাইসোডিয়াম অক্টোবোরেট গুলে বীজ বোনার ২১ দিন পর ও বীজ বোনার ৪২ দিন পরে পুষ্টি লিটার জলে হাফ গ্রাম অ্যামোনিয়াম মলিভেট গুলে স্প্রে করলে ভাল ফল পাওয়া যায়। সেচের সুবিধা থাকলে শূঁটি ধরার সময়ে (বীজ বোনার ৬০ দিন পর) ১টি সেচ দিতে পারলে ভাল হয়। ফুল আসার পর যদি ঘন কুয়াশা, অল্প বৃষ্টি হয়, তাহলে গাছের জগার দিক থেকে বাদামি বর্ণ ধারণ করে শীঘ্র কালো হয়ে যায়। ম্যানকোজেব ২.৫ গ্রাম বা ক্লোরোথ্যালেনিল ২.০ গ্রাম পুষ্টি লিটার জলে গুলে স্প্রে করতে হবে।


বেঙ্গুরী : পররা ফসলে ৩০-৪০ দিনের মাঝায় ডিএপি বা ইউরিয়ার ২% জলীয় দ্রবণ অর্থাৎ ২ গ্রাম ডিএপি বা ইউরিয়া পুষ্টি লিটার জলে গুলে স্প্রে করতে হবে।

সূর্যমুখী - নিকশী ব্যবস্থাপনা সব ধরনের মাটিতে সূর্যমুখী চাষ করা যায়। এই ফসল লবনাক্ত মাটিতেও হয়। উন্নত হাইব্রীড জাত-পিএসি-৩৬, এমএসএফএইচ-১৭, কে.বিএসএইচ-৪৪, কে.বিএসএইচ-১, পিএসি-১০৯১ ইত্যাদি অগ্রহারণ-পৌষ মাসে জমি তৈরী করে এবং জৈবসার ও রাসায়নিক সার প্রয়োগ করে বীজ বুনতে হবে। একরে ২ কেজি বীজের দরকার হয়। বীজ শোধনের জন্য ধাইরাম অথবা ম্যানকোজেব ২.৫ গ্রাম হারে পুষ্টি কেজি বীজের সাথে মিশিয়ে নিন। জমি তৈরীর সময় একরে ১৬ কেজি নাইট্রোজেন, ৪০কেজি ফসফরাস ও ২০কেজি পটাশ সার প্রয়োগ করতে হবে। ফসফরাসের চাহিদা সিঙ্গল সুপার ফসফেট দিয়ে পূরণ করলে সালফারের চাহিদা পূরণ হবে। গাছের ৪ সপ্তাহ ও ৮ সপ্তাহ বয়সে দু বার ০.৫ গ্রাম চিলেন্টেড জিঙ্ক ও ২.০ গ্রাম বোরাক্স পুষ্টি লিটার জলে গুলে স্প্রে করতে হবে।

ভুট্টা - হাইব্রীড ভুট্টার বীজ বোনার ৩০ ও ৪৫ দিন পরে প্রতিবারে একরে ১৯ কেজি নাইট্রোজেন ও ৯ কেজি পটাশ প্রয়োগ করা উচিত।

বিস্তারিত জানতে আপনার ব্লকের স্থানীয় কৃষি প্রযুক্তি সহায়ক বা সহ-কৃষি অধিকর্তার কার্যালয়ে যোগাযোগ করুন

কৃষি অধিকর্তা, পশ্চিমবঙ্গ সরকার-এর
পক্ষে -



কৃষি অধিকর্তা (জনসংযোগ, সম্প্রচার ও তথ্য),
পশ্চিমবঙ্গ